বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)
কোটবাড়ী, কুমিল্লা, বাংলাদেশ

Bangladesh Academy for Rural Development (BARD)
Kotbari, Cumilla, Bangladesh

বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন

সংবাদ বিজ্ঞপ্তি

বার্ডের উদ্যোগে শেখ রাসেল দিবস উদযাপন ও গৃহ প্রদান

অদ্য ১৮/১০/২০২১ তারিখ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)-এ যথাযথ মর্যাদা ও উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে শেখ রাসেল দিবস-২০২১ উদযাপিত হয়েছে। বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি মডেল স্কুল-এ স্থাপিত শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, মোনাজাত, শেখ রাসেলের জীবনের উপর আলোচনা সভা, কেক ও মিষ্টি বিতরণ, দুইজন গৃহহীন পরিবারকে গৃহ প্রদানের মাধ্যমে দিবসটি উদযাপন করা হয়। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বার্ডের মহাপরিচালক জনাব মোঃ শাহজাহান এবং সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন বার্ডের অতিরিক্ত মহাপরিচালক জনাব মোঃ সফিকুল ইসলাম। এছাড়াও আলোচনা সভায় অংশগ্রহণ করেন বার্ডের পরিচালক (প্রশাসন) জনাব মিলন কান্তি ভট্টাচার্য্য, পরিচালক (প্রকল্প) ড. মোঃ কামরুল হাসান। আলোচনা সভায় উপস্থিত ছিলেন বার্ডের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারী ও বার্ড মডেল স্কুলের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ।

আলোচনা সভার পরবর্তীতে দিবসটি উদযাপন উপলক্ষে বার্ডের কর্মকর্তা-কর্মচারীদের উদ্যোগে নির্মিত মুজিববর্ষে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার হিসেবে লালমাই উপজেলার দুতিয়ার গ্রামের দুইজন অসহায় নারীকে গৃহ প্রদান করা হয়। গৃহ প্রদান অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বার্ডের মহাপরিচালক জনাব মোঃ শাহজাহান এবং অতিরিক্ত মহাপরিচালক জনাব মোঃ সফিকুল ইসলাম, বার্ডের পরিচালকবর্গ, সদর দক্ষিণ উপজেলার ভাইস চেয়ারম্যান জনাব আব্দুল হাই বাবলু এবং মহিলা ভাইস চেয়ারম্যান জনাব নাছিমা আক্তার। গৃহ প্রদান অনুষ্ঠানে বার্ডের মহাপরিচালক বলেন মুজিববর্ষ উদযাপন উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গৃহহীন অসহায় মানুষদের বাসস্থান নিশ্চিতের জন্য আশ্রয়ণ প্রকল্প গ্রহণ করেছেন। গৃহ প্রদান অনুষ্ঠানে বার্ডের মহাপরিচালক খাদ্য সহায়তা এবং গাছের চারা প্রদান করেন।

ছবির ক্যাপশনঃ শেখ রাসেল দিবস ২০২১ উদযাপন উপলক্ষে বার্ড কর্তৃক গৃহ প্রদান অনুষ্ঠানে খাদ্য সহায়তা প্রদান করছেন বার্ডের মহাপরিচালক জনাব মোঃ শাহজাহান।

আবদুল্লা-আল-মামুন
সহকারী পরিচালক (জনসংযোগ)
বার্ড, কুমিল্লা
তারিখ: ১৮/১০/২০২১ খ্রিস্টাব্দ

টেলিফোনঃ ০৮১-৬০৬০১-৬,৬৫০১১,৬৫০৭০,Telephone: 081-60601-6, 65011, 65070, Fax: 880-81-68406,
E-mail : dg@bard.gov.bd or training.bard@gmail.com or diradmin@bard.gov.bd Website: www.bard.gov.bd